অপারেশন সার্কুলার নং-১/২০১৯ তারিখ ঃ ৩১-০১-২০১৯

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয় ঃ কৃষি ও পল্লী ঋণ কর্মসূচীর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত ২০০.০০ কোটি টাকা হতে মধ্যম মেয়াদী খাতে ২য় দফার ৭৫.০০ কোটি টাকা ঋণ বিতরণে অঞ্চল ভিত্তিক বাজেট পুনঃবরাদ্দ প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রধান কার্যালয়ের বিগত ১২-০৪-২০১৮ তারিখের অপারেশন সার্কুলার নং-০৯/২০১৮ এর মাধ্যমে "কৃষি ও পল্লী ঋণ কর্মসূচী" এর আওতায় বাংলাদেশ ব্যাংক হতে মঞ্জুরীকৃত ২০০.০০ কোটি টাকা ঋণ বিতরণের জন্য ঋণ নীতিমালা জারী করা হয়েছে। উক্ত তহবিলের শতভাগ সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বিগত ০৬-০৫-২০১৮ তারিখের অপারেশন সার্কুলার নং-১০/২০১৮ এর মাধ্যমে অঞ্চল ও শাখা ভিত্তিক ঋণ বিতরণের বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে।

২। নীতিমালা জারীর পর গত ২৭-০৫-২০১৮ তারিখের সূত্র নং-২/২০/৪৮৪/৭২৪০ এবং গত ১৪-০১-২০১৯ তারিখের সূত্র নং-২/২০/৪৮৪/৪৪৯৯ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত এ তহবিল গ্রাহক পর্যায়ে যথাসময়ে বিতরণের জন্য তাগাদা প্রদান করা হয়েছে। তাছাড়া ব্যাংকের কর্মকর্তাদের কে উৎসাহিত ও উজ্জীবিত করে সর্বোচ্চ কাজে লাগিয়ে বর্ণিত খাতে ঋণ বিতরণ কার্যক্রম বেগবান করার লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে প্রধান কার্যালয়ের নির্বাহীগণের সমন্বয়ে গঠিত টীম সারাদেশে ৩ মাস যাবৎ সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবারে ১৮টি অঞ্চলের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে ইতোমধ্যে ১৬টি অঞ্চলে কর্মশালা সম্পন্ন করা হয়েছে। এছাড়াও প্রধান কার্যালয়ের ১৮ জন নির্বাহী ও কর্মকর্তাদের সমন্বয়ে off-site supervision এর মাধ্যমে শাখাসমূহে প্রতিনিয়ত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম মনিটরিং জোরদার করা হয়েছে।

৩। মধ্যম মেয়াদী খাতে ১ম দফায় প্রাপ্ত ৭৫.০০ কোটি টাকা যথাসময়ে ঋণ বিতরণ করতে না পারায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক আমাদেরকে আরোপিত দন্ডসুদের সন্মুখীন হতে হয়েছে। উক্ত দন্ডসুদ হতে অব্যাহতি ও ঋণ বিতরণের সময়সীমা বৃদ্ধির আমাদের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক গত ১৪-০১-২০১৯ তারিখের সূত্র নং-এসিডি (জিবিডি) ৫৩৭(৫৪)/২০১৯-২৬১ মোতাবেক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আমাদেরকে দন্ডসুদ হতে অব্যাহতি প্রদান করেছে ঃ

- বাংলাদেশ ব্যাংক হতে মধ্যম মেয়াদী ঋণের ২য় কিস্তি গ্রহনের পূর্বে গ্রাহকওয়ারী ঋণ বিতরণের বিস্তারিত কর্মপরিকল্পনা (গ্রাহকের নাম-ঠিকানা, মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ, ঋণ মঞ্জুরীর তারিখ, ঋণ বিতরণের সম্ভাব্য তারিখ ইত্যাদি উল্লেখকরতঃ) দাখিল করতে হবে।
- বাংলাদেশ ব্যাংক হতে কিস্তি ছাড়ের পর ৩ (তিন) মাসের মধ্যে সমুদয় অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণ সম্পন্ন করতে হবে।
- ভবিষ্যতে সময় বৃদ্ধির কোন আবেদন আমলে নেয়া হবে না।
- বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত শর্ত পরিপালনে ব্যর্থতায় মঞ্জুরীপত্র ও চুক্তিনামার আলোকে প্রতিবিধানমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

৪। বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত শর্ত হতে স্পষ্টতই প্রতীয়মান হচ্ছে যে, ২য় দফার ৭৫.০০ কোটি টাকা পেতে হলে গ্রাহক পর্যায়ে ঋণগ্রহীতা নির্বাচনপূর্বক ঋণ প্রস্তাব যাচাই-বাছাই করে ঋণ মঞ্জুরী প্রদানের পর উক্ত ঋণ বিতরণের সম্ভাব্য তারিখ উল্লেখ করে বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে হবে এবং তাদের সন্তুষ্টি সাপেক্ষে উক্ত টাকা পাওয়া যাবে। এ তহবিল যথানিয়মে বিতরণ না করলে পূর্বের দন্ডসুদ বহাল এর পাশাপাশি চুক্তি মোতাবেক বাংলাদেশ ব্যাংক যথাযথ ব্যবস্থা গ্রহন করবে। সকল ব্যাংকের রেগুলেটরি অথরিটি ও অত্র ব্যাংকের ঋণ কার্যক্রম পরিচালনায় অন্যতম তহবিলের যোগানদাতা হিসেবে বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়মাচার পরিপালন করা আমাদের জন্য আবশ্যক। সুতরাং বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত শর্ত মেনেই ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।

৫। বাংলাদেশ ব্যাংক কর্তৃক নতুন শর্ত আরোপের ফলে ২য় দফায় মধ্যম মেয়াদী খাতের ৭৫.০০ কোটি টাকা ঋণ বিতরণের জন্য ইতোপূর্বে প্রদত্ত বিদ্যমান বাজেট সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। শাখার ভৌগোলিক অবস্থা, অঞ্চলের কর্মকর্তাদের কর্মদক্ষতা, মাঠ পর্যায়ের চাহিদা ও ঋণ বিতরণের অতীত অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে এ খাতে ঋণ বিতরণের বাজেট নিম্নোক্তভাবে পুনঃবরাদ্দ দেয়া হলো ঃ

ক্রঃ নং	অঞ্চলের নাম	মধ্যম মেয়াদী ৭৫০০.০০ লক্ষ টাকা		ক্রঃ নং	অঞ্চলের নাম	মধ্যম মেয়াদী ৭৫০০.০০ লক্ষ টাকা	
		বিদ্যমান বরাদ্দ	সংশোধিত বরাদ্দ			বিদ্যমান বরাদ্দ	সংশোধিত বরাদ্দ
১	ঢাকা	২৬২.৫০	২০০.০০	১০	কুমিল্লা	৫৬২.৫০	৪৫০.০০
২	গাজীপুর	৩৭৫.০০	২০০.০০	১১	ময়মনসিংহ	৬৩৭.৫০	৭০০.০০
৩	চট্টগ্রাম	৩০০.০০	২৫০.০০	১২	নোয়াখালী	৩৭৫.০০	৪০০.০০
৪	কক্সবাজার	২২৫.০০	২০০.০০	১৩	ফরিদপুর	৪৫০.০০	৭০০.০০
৫	সিলেট	১৫০.০০	২৫০.০০	১৪	কুষ্টিয়া	৫৬২.৫০	৭০০.০০
৬	বরিশাল	৪৫০.০০	২০০.০০	১৫	বগুড়া	৫২৫.০০	৫০০.০০
৭	রংপুর	৩০০.০০	৩৫০.০০	১৬	নারায়ণগঞ্জ	৩৭৫.০০	৪০০.০০
৮	রাজশাহী	৬৭৫.০০	৪০০.০০	১৭	টাংগাইল	৪৫০.০০	৫০০.০০
৯	খুলনা	৬০০.০০	৭০০.০০	১৮	দিনাজপুর	২২৫.০০	৪০০.০০
				মোট		৭৫০০.০০	৭৫০০.০০

চলমান পাতা-০২

বিষয় ঃ কৃষি ও পল্লী ঋণ কর্মসূচীর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত ২০০.০০ কোটি টাকা হতে মধ্যম মেয়াদী খাতে ২য় দফার ৭৫.০০ কোটি টাকা ঋণ বিতরণে অঞ্চল ভিত্তিক বাজেট বরাদ্দ প্রদান প্রসংগে।

৬। উল্লিখিত সংশোধিত বরাদ্দকৃত টাকা অঞ্চলাধীন শাখাসমূহের সক্ষমতা বিবেচনায় নিয়ে শাখার মাঝে পুনঃবরাদ্দ করতে হবে। বরাদ্দকৃত সাকুল্য টাকা আগামী ১৫-০৪-২০১৯ তারিখের মধ্যে ঋণ হিসেবে বিতরণের জন্য যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ঋণ মঞ্জুরী দিয়ে সম্ভাব্য বিতরণের তারিখ উল্লেখপূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ২০-০৪-২০১৯ তারিখের মধ্যে ঋণ ও অগ্রিম উপ-বিভাগে হার্ড কপি প্রেরণের পাশাপাশি উহার সফট কপিও (avublad@gmail.com) প্রেরণ করতে হবে ঃ

ক্রঃ নং	শাখার নাম	ঋণগ্রহীতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর	মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ (প্রকৃত টাকায়)	ঋণ মঞ্জুরীর তারিখ	ঋণ বিতরণের সম্ভাব্য তারিখ

৭। গ্রাহক পর্যায়ে মঞ্জুরীকৃত টাকার সঠিক তথ্যের ভিত্তিতে ও বাংলাদেশ ব্যাংক হতে তহবিল প্রাপ্তির পর মঞ্জুরীকৃত ঋণ অত্যন্ত দ্রুততার সাথে অর্থাৎ সম্ভাব্য ১৫-০৫-২০১৯ তারিখের মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে। বিতরণকৃত উক্ত ঋণের ঋণী ভিত্তিক প্রতিবেদন নিম্নোক্ত ছক অনুযায়ী বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী এক সপ্তাহের মধ্যে ঋণ ও অগ্রিম উপ-বিভাগে হার্ড কপি প্রেরণের পাশাপাশি উহার সফট কপিও (avublad@gmail.com) প্রেরণ নিশ্চিত করতে হবে।

ক্রঃ নং	শাখার নাম	ঋণগ্রহীতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর	বিতরণকৃত ঋণের		ঋণের খাত	সুদের হার	মেয়াদপূর্তির তারিখ	বকেয়া স্থিতি
			পরিমাণ	তারিখ				

৮। বিশেষভাবে উল্লেখ্য, প্রধান কার্যালয়ের নির্বাহী ও কর্মকর্তার সমন্বয়ে গঠিত টীম আলোচ্য ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিং করবেন। উক্ত মনিটরিং টীম পাক্ষিক ভিত্তিতে off-site supervision এর মাধ্যমে অঞ্চল ও শাখা পর্যায়ের অর্জন মনিটরিং করবেন এবং এ কার্যক্রমে কোন শৈথিল্যতা হলে জবাবদিহি করতে হবে। ব্যাংকটির সুনাম অক্ষুণ্ণ রাখার স্বার্থে আপনাদের নিজ নিজ মেধা ও দক্ষতাকে কাজে লাগিয়ে অত্যন্ত বিচক্ষনতার সাথে বাংলাদেশ ব্যাংকের এ কার্যক্রম সফল বাস্তবায়ন করার নির্দেশ দেয়া হলো।

অনুমোদনক্রমে,

মোঃ শাহজাহান আকন্দ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
ফোন ঃ 02-48313191
avublad@gmail.com

মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন মহাবিভাগ
ফোন ঃ 02-9347615
gmoperation@ansarvdpbank.gov.bd

সূত্র নং-২/২০/৪৮৪/ ৪৯৭৩

তারিখ ঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। জনাব মোঃ মইনুল ইসলাম, উপ-পরিচালক, ওয়েলফেয়ার উইং, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-বিভাগ প্রধান, কম্পিউটার উপ-বিভাগকে ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শণের অনুরোধসহ)।
৫। সকল নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬। নথি/মহানথি।

মোঃ জয়নুল আবেদীন
সিনিয়র অফিসার
ফোন ঃ 02-48313191
avublad@gmail.com